দৈনিক আমাদের সময়

তারিখ 05 DEC 2016
পৃষ্ঠা ১২ কলাম ৬

# বিভাগ হওয়ার পর স্থবির শিক্ষা মন্ত্রণালয়

এম এইচ রবিন ●

নতুন বিভাগ করার পর স্থবির শিক্ষা মন্ত্রণালয়। বিগত দুই কর্মদিবস কমকর্তা-কর্মচারীরা অলস সময় কাটিয়েছেন। বিভাগীয় কাঠামোয় পদ সৃজন ও পদায়ন না হওয়ায় এখন কার্যক্রমহীন মন্ত্রণালয়। অবশ্য রুটিনমাফিক সবাই হাজিরা দিয়ে যাচ্ছেন।

- কর্মকর্তাদের পদ সৃজন ও পদায়নের অপেক্ষা
- বিদ্যমান কাঠামোয় জনবল ২১৯
- নতুন কাঠামোয় জনবল হবে ৩৯৫

মন্ত্রণালয়ের কয়েক কর্মকর্তার সম্প্রতি পদোন্নতি হয়েছে। এরা কেউ আগের কর্মস্থলে পদায়ন চাচ্ছেন। আবার কেউ কাঙ্ক্ষিত অন্য মন্ত্রণালয়ে যেতেও তদ্বির করছেন সংশ্লিষ্ট দপ্তরে। শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে কথা বলে এমন তথ্য পাওয়া গেছে।

সূত্র মতে, শিক্ষা মন্ত্রণালয়ে নতুন বিভাগীয় কাঠামোয় ৩৯৫টি পদ রাজস্ব খাতে সৃজনে অর্থ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদন প্রক্রিয়াধীন। এর মধ্যে মাধ্যমিক উচ্চশিক্ষা বিভাগে ২৫৯টি পদ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে ১৩৬টি পদ সৃজন করা হবে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে একজন সচিব, অতিরিক্ত সচিব একজন এবং যুগ্ম-সচিব তিনজন থাকবেন। মাধ্যমিক উচ্চশিক্ষা বিভাগে সচিব একজন, অতিরিক্ত সচিব দুই জন, যুগ্ম-সচিব ৫ জনের পদ রেখে সাংগঠনিক কাঠামো হতে পারে।

এ মন্ত্রণালয়ে আগের সাংগঠনিক কাঠামোয় একজন সচিব, অতিরিক্ত সচিব ৯ জন, যুগ্ম-সচিব ৮ জনের পদ রয়েছে। বর্তমানে পুরো মন্ত্রণালয়ে ১ম শ্রেণির ৬৪, ২য় শ্রেণির ৫১, ৩য় শ্রেণির ৫০ এবং ৪র্থ শ্রেণির ৫৪ জনসহ মোট জনবল ২১৯ জন। ফলে মোট জনবল বাড়ছে। কমছে অতিরিক্ত

এরপর পৃষ্ঠা ৬, কলাম ১

## বিভাগ হওয়ার পর স্থবির

(শেষ পৃষ্ঠার পর) সচিবের পদ। গত ৩০ নভেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষা মন্ত্রণালয়কে পুনর্গঠন করে এই মন্ত্রণালয়ের অধীন দুটি বিভাগ গঠন করেছেন। একটি হচ্ছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, দ্বিতীয়টি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। নিয়মানু-যায়ী, এখন দুই বিভাগে দুজন সচিব নিয়োগ দেওয়ার কথা। একই সঙ্গে বিভাগীয় কাঠামোয় পদ সৃজন এবং পদায়ন করা হবে নতুনভাবে। পুনর্গঠন করে সরকারি আদেশ জারির পর কার্যদিবস ছিল গত বৃহস্পতিবার, মাঝে শুক্র-শনিবার সরকারি বন্ধ এবং গতকাল রোববার কার্যদিবস। এদিন মন্ত্রণালয় দেখা যায় সচিবের নামফলক থেকে নাম সরিয়ে নেওয়া হয়েছে। কারণ নামফলকে শিক্ষা সচিব পদে নাম ছিল মো. সোহরাব হোসাইনের। নতুন সাংগঠনিক কাঠামোয় হবে বিভাগীয় সচিব।

গতকাল সরেজমিন দেখা যায়, শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ পূর্বঘোষিত কর্মসূচি হিসেবে নতুন পাঠ্যপুস্তক ছাপা কারখানা পরিদর্শনে গেছেন, সঙ্গে সচিব সোহরাব হোসাইন ছিলেন। মন্ত্রণালয়ে বিভিন্ন অনুবিভাগের কর্মকর্তারা কেউ নিজের কক্ষে, কেউ অন্য সহকর্মীর কক্ষে গিয়ে খোশগল্প করছেন। বিভিন্ন প্রয়োজনে মন্ত্রণালয়ে আগত দর্শনার্থীরা এসেছেন। কিন্তু তাদের কোনো বিষয়ে সিদ্ধান্ত নিতে পারছেনা না কর্মকর্তারা। দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে আসা দর্শনার্থীরা প্রয়োজন না সেরে ফেরত যেতে হচ্ছে। সবচেয়ে বেশি দর্শনার্থী দেখা গেছে কলেজ অনুবিভাগে। সাধারণত প্রতিদিন এ শাখায় বিসিএস শিক্ষা ক্যাডার শিক্ষকরা বদলির তদবিরে ভিড় করে থাকেন। নাম না প্রকাশ করার শর্তে দুপুরে এক জ্যেষ্ঠ কর্মকর্তা আমাদের সময়কে বলেন, বিভাগীয় কাঠামোয় পদ সৃজন ও পদায়ন না হওয়া পর্যন্ত ফাইল স্বাক্ষর করা যাবে না। এখন আমরা সবাই ওএসডি। এ কারণে দর্শনার্থীদের বিষয়ে কোনো কাজ করা যাচ্ছে না। যারা দূর থেকে এসেছেন তাদের আবেদন রেখে দিচ্ছি। অনেকে ফেরত যাচ্ছেন, কিছুই করার নাই। সন্ধ্যা সাড়ে ৬টায় এক কর্মকর্তা নিশ্চিত করেন ওই সময় পর্যন্ত জনপ্রশাসন থেকে সরকারি আদেশ জারি হয়নি। তবে আজ সোমবার সরকারি আদেশ জারি হতে পারে। শিক্ষা মন্ত্রণালয় সচিব পদে সোহরাব হোসাইন গত বছর ১৪ ডিসেম্বর যোগদান করেন। এর আগে তিনি বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন ক্যাডারের ১৯৮৪ ব্যাচের কর্মকর্তা।